



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনে গৃহীত কর্মসূচি (হালনাগাদ):

- মুজিববর্ষের স্লোগানঃ "মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"
- ১৭ই মার্চ, ২০২০ইং তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বর্ষে অফিস ভবনে জাতীয় পতাকা উত্তোলন।
- বিনিয়োগকারীদের জন্য পুঁজিবাজার সংক্রান্ত সকল তথ্য সমৃদ্ধ "Bangabandhu Investor Information Platform" চালুকরণ।
- কমিশন কর্তৃক "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন" এর উদ্বোধনী অনুষ্ঠান এবং এপ্রিলের শেষের দিকে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনের উপর সেমিনার আয়োজন।
- ১৫ই মার্চ, ২০২০ইং থেকে ৩১শে মার্চ, ২০২০ইং পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে কমিশন ভবন আলোকসজ্জা ও সুসজ্জিত করণ।
- কমিশনের সকল কর্মচারীর অংশগ্রহণে টুঙ্গিপাড়া পরিদর্শন, বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা নিবেদন, বৃক্ষরোপণ এবং স্কুল শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ।
- কমিশনে কর্মরত সকল শ্রেণীর কর্মচারীর সন্তানদের জন্য বঙ্গবন্ধু মেধাবৃত্তি প্রচলন।
- সিকিউরিটিজ কমিশন ভবনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন ও কক্ষ সংলগ্ন দেয়ালে বঙ্গবন্ধুর ছবি, ভিডিও, পোস্টার/ব্যানার প্রদর্শন ও মেইনগেইট সংলগ্ন উভয় পাশের দেয়ালে টেরাকোটা স্থাপন।
- সিকিউরিটিজ কমিশন ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতি এবং প্রতিকৃতি সংলগ্ন স্থানে বাংলাদেশের ম্যাপসহ "বঙ্গবন্ধু শ্যামলীমা" স্থাপন।
- বিনিয়োগকারীদের জন্য "Customer Complaint Address Module(CCAM)" এ মুজিববর্ষের লোগো ও স্লোগান এবং এতদসংক্রান্ত পরিসংখ্যান অন্তর্ভুক্তিকরণ।
- কমিশনের "বিনিয়োগ শিক্ষা" কর্মসূচিতে বঙ্গবন্ধুর অর্থনৈতিক ভাবনা অন্তর্ভুক্তিকরণ।
- পুঁজিবাজারের সকল অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠান, মুজিববর্ষ উদযাপনে তাঁদের স্ব-স্ব প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতী পর্যবেক্ষণ।
- Bangladesh Academy for Securities Markets (BASM) কর্তৃক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবন ও কর্মের উপর কুইজ, রচনা প্রতিযোগিতাসহ অলিম্পিয়াড আয়োজন।
- বাজার অংশীজনের নিয়ে সিম্পোজিয়াম আয়োজন।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধুর উপর রচিত বই বিতরণ।
- কমিশনের ওয়েবসাইট, ইমেইল এবং যাবতীয় পত্র যোগাযোগে (মুজিব বর্ষ, ১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১) মুজিববর্ষের লোগো ও স্লোগান ব্যবহার এবং কমিশনের ওয়েবসাইটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীর ক্ষণ গণনা প্রদর্শন এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্য প্রকাশ।
- দাপ্তরিক কাজে ব্যবহৃত নোট প্যাড, খাম ও কলমে মুজিববর্ষের ও কমিশনের সম্মিলিত লোগো ও স্লোগান ব্যবহার এবং মুজিববর্ষের ও কমিশনের সম্মিলিত লোগো ও স্লোগান সম্বলিত স্টিকার বিভিন্ন কাজে ও কমিশনের ভবনে ব্যবহার।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কমিশন ভবনে রক্তদান কর্মসূচি আয়োজন।
- নিয়মিত ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকান্ড আয়োজনের লক্ষ্যে কমিশন ভবনে বঙ্গবন্ধু ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কমিশন ভবনের যাবতীয় পরিষ্কার পরিচ্ছন্নতা, সবুজায়ন এবং কীটপতঙ্গ নিয়ন্ত্রণ।

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”